

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম ( **Post-Graduate Degree Programme** )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( **Term End Examination** ) : ডিসেম্বর, ২০২৪

বাংলা ( **Bengali** )

দ্বিতীয় পত্র ( **2nd Paper** )

**BHASABIGNAN O SAHITYATATWA**

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) প্রাচীন যুগে গ্রিস ও রোমের ভাষাবিজ্ঞান চর্চার সংক্ষিপ্ত পরিচয় দিন।
- খ) ভাষার বংশগত শ্রেণিবিভাগ বলতে কী বোঝায় ? বাংলা ভাষা কোন্ ভাষাগোষ্ঠীর অন্তর্গত ? ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর বিভিন্ন শাখার সংক্ষিপ্ত পরিচয় দিন। ২ + ১ + ১৫
- গ) উচ্চারণের স্থান ও প্রকৃতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করুন।
- ঘ) প্রথানুসারী ব্যাকরণে বাক্যের গঠন অনুসারে যে শ্রেণিবিভাগ করা হয়, তার পরিচয় দিন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬
- ক) গ্রিমের সূত্র কী ? উপযুক্ত উদাহরণ সহযোগে সূত্রটি ব্যাখ্যা করুন। ৪ + ৮
- খ) উনিশ শতকে বাংলা ব্যাকরণচর্চার সংক্ষিপ্ত পরিচয় দিন।
- গ) উদাহরণসহ বাংলা ভাষায় বিভিন্ন প্রকার ধ্বনি পরিবর্তনের পরিচয় দিন।
- ঘ) বাংলা ভাষায় নঞর্থক বাক্যের প্রকারভেদ দৃষ্টান্তসহ আলোচনা করুন।
- ঙ) ভাষা পরিকল্পনা বলতে কী বোঝেন ? ভাষা পরিকল্পনার বিভিন্ন পরিসরের পরিচয় দিন। ৪ + ৮
- চ) কুল্লকের কাছে বক্রোক্তি কেন কাব্যপ্রাণ, তা বুঝিয়ে দিন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) :

৭ × ৪ = ২৮

- ক) বাংলা স্বরধ্বনি উচ্চারণে জিভের ভূমিকা উদাহরণসহ আলোচনা করুন।
- খ) উদাহরণসহ বাংলা 'দল' (সিলেবল) সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।
- গ) উদাহরণসহ বাংলায় যৌগিক কালের সংক্ষিপ্ত পরিচয় দিন।
- ঘ) উদাহরণসহ বিশেষ্যধর্মী পদগুচ্ছের সংক্ষিপ্ত পরিচয় দিন।
- ঙ) ভাষারীতি বদলের ক্ষেত্রে বক্তা-শ্রোতা-উপলক্ষ্যর ভূমিকা আলোচনা করুন।
- চ) ভাষাতাত্ত্বিক ভূগোল বলতে কী বোঝায়, তা আলোচনা করুন।
- ছ) বাংলা ভাষায় পরিভাষা নির্মাণের ক্ষেত্রে কোন্ দিকগুলি দেখা দরকার বলে আপনি মনে করেন, তা লিপিবদ্ধ করুন।
- জ) নব্য ধ্রুপদী সাহিত্যের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন।